33

আজকের কাগজ

তারিখ ...24 JUL 1995...
পৃষ্ঠা ২ কলাম ৪

# নকল ধরার অপরাধে বদলি হলেন থানা নির্বাহী কর্মকর্তা

নিউজ মিডিয়া ঃ নাঙ্গলকোর্ট কলেজের অবৈধ পরীক্ষার্থীদের নকল ধরার জের হিসেবে থানা নির্বাহী কর্মকর্তাকে বদলি করা হয়েছে। জানা গেছে, এবারকার এইচএসসি পরীক্ষায় নাঙ্গলকোট কেন্দ্র থেকে ১৩ শ' ছাত্রছাত্রী পরীক্ষা দিচ্ছে। অথচ নাঙ্গলকোট হাসান মেমোরিয়াল কলেজের পরীক্ষার্থীর সংখ্যা মাত্র ৪শ'। হোসনাবাদ কলেজে ৩৫ এবং চলন কলেজের পরীক্ষার্থীর সংখ্যা ৯৫ জন। কলেজ সংশ্লিষ্ট সূত্র জানায়, নাঙ্গলকোর্ট কলেজের কর্তৃপক্ষ ও কতিপয় শিক্ষক পরীক্ষার ফরম ফিলাপের আগ মুহূর্তে ৭০শতাধিক পরীক্ষার্থীকে অবৈধভাবে ভর্তি করেছে। এই অবৈধ ভর্তির জন্যে ছাত্র প্রতি ৮ থেকে ১০ হাজার টাকা করে নেয়া হয়েছে। এমন কি প্রবেশপত্র দেয়ার সময়ও ১ হাজার টাকা করে নেয়া হয়। এর বিনিময়ে এই কেন্দ্রে বহিরাগত পরীক্ষার্থীদের নকলের বিশেষ সুযোগ দেয়া হয় বলেও অভিযোগ রয়েছে। বিভিন্ন সূত্রে অভিযোগ প্রাপ্তির পর থানা[illegible] করেন। পরীক্ষার প্রথম দিন ৪২ জন বহিষ্কার করেন। এর পরের দিন আরও বহিষ্কার করেন। এতে চুক্তিভিত্তিক পরীক্ষার্থীরা ক্ষুব্ধ হয়ে ওঠে। কলেজকে ব্যবসায়িক কেন্দ্র হিসেবে ব্যবহার করতে না পেরে এই অবৈধ ভর্তির সঙ্গে যুক্ত মহলটিও ক্ষুব্ধ হয়ে ওঠেন। জানা গেছে, এলাকার সাংসদ কামরুজ্জামানকে এই বিষয়ে ভুল বোঝানো হয়। সাংসদ সংস্থাপন মন্ত্রণালয়ে তদ্বির করে তাৎক্ষণিকভাবে থানা নির্বাহী কর্মকর্তার বদলির ব্যবস্থা করেন। এদিকে এই বদলির খবর শুনে টিএনওর চেয়েও বেশি বিস্মিত হয়েছেন বিএনপি, আওয়ামী লীগ, জাতীয় পার্টি, জামায়াতসহ স্থানীয় রাজনৈতিক দলের নেতা কর্মিরা। নকল ধরার অপরাধে একজন থানা নির্বাহী কর্মকর্তার বদলির আদেশ ক্ষুব্ধ করেছে অভিভাবক মহলকেও।